HNS™

Ciclopirox 1%

Biotin & Conditioner Enriched Medicated Antidandruff Shampoo

Description
Ciclopirox Olamine, the active ingredient of **HNS**™ Shampoo, is a broad-spectrum antifungal agent effective against dermatophytes, yeasts, and Malassezia furfur. It acts by disrupting fungal cell membrane transport and inhibiting essential cellular processes, leading to fungal cell death. It also exhibits antibacterial and anti-inflammatory properties, helping to reduce scalp infection, itching, and irritation.

Pharmacokinetics
When applied as **HNS**™ Shampoo, Ciclopirox Olamine is minimally absorbed through the scalp, with about 1.3% entering systemic circulation. The absorbed drug is highly protein bound (94–97%), metabolized mainly via glucuronidation, and excreted primarily in the urine. Its biological half-life is approximately 1.7 hours, indicating very low potential for systemic accumulation.

Indication
HNS™ Shampoo is indicated for the treatment of seborrheic dermatitis, dandruff, and associated scalp itching, irritation, and inflammation caused by Malassezia furfur and other susceptible fungi.

Dosage and Administration
Apply **HNS**™ Shampoo (Ciclopirox 1%) to wet hair, using about 1 teaspoon (5 ml) for short hair or up to 2 teaspoons (10 ml) for long hair. Work into a lather and leave on the scalp and hair for 3 minutes. Avoid contact with eyes. Use twice weekly for 4 weeks, allowing at least 3 days between applications.

Contraindications
This Shampoo should not be used in individuals with known hypersensitivity to Ciclopirox.

Adverse Reactions
The shampoo is generally well tolerated. Clinical trials report a low incidence of side effects.

Precautions
For external use only. Avoid contact with eyes. This product is not intended for ophthalmic, oral, or intravaginal use.

Use in Pregnancy
Classified as Pregnancy Category B. Animal reproduction studies have failed to demonstrate a risk to the fetus and there are no adequate and well-controlled studies in pregnant women.

Use in Lactating Mothers
It is not known whether Ciclopirox is excreted in human milk. Exercise caution when using the shampoo in breastfeeding women.

Use in Children
Safety and efficacy have not been established in children under 16 years of age.

Storage
Do not store above 30 °C temperature. Keep away from light and wet place. Keep out of reach of children.

Packaging
HNS™ Shampoo:
Each HDPE bottle containing 100 mL of shampoo. Each gram of shampoo contains Ciclopirox Olamine USP equivalent to Ciclopirox 10 mg.

SK+F
Manufactured by
ESKAYEF PHARMACEUTICALS LTD.
RUPGANJ, NARAYANGANJ, BANGLADESH
TM TRADEMARK
R/PM3103 V01

এইচ এন এস™

সাইক্লোপিরক্স ১%

বায়োটিন ও কন্ডিশনার সমৃদ্ধ মেডিকেটেড অ্যান্টিড্যানড্রাফ শ্যাম্পু

বর্ণনা
এইচএনএস™ শ্যাম্পু এর সক্রিয় উপাদান সাইক্লোপিরক্স ওলামিন একটি বিস্তৃত বর্ণালীর ছত্রাকনাশক যা ডার্মাটোফাইট, ঈস্ট এবং ম্যালাসেজিয়া ফারফার-এর বিরুদ্ধে কার্যকর। এটি ছত্রাকের কোষঝিল্লির পরিবহন প্রক্রিয়া ব্যাহত করে এবং প্রয়োজনীয় কোষীয় কার্যক্রমকে বাধাগ্রস্ত করে, ফলে ছত্রাক কোষ ধ্বংস হয়। এছাড়াও এটি ব্যাকটেরিয়া নাশক এবং প্রদাহবিরোধী কার্যকারিতা প্রদর্শন করে, যা মাথার ত্বকের সংক্রমণ, চুলকানি ও জ্বালা কমাতে সহায়তা করে।

ওষুধের উপর শরীরের ক্রিয়া (ফার্মাকোকাইনেটিক্স)
এইচএনএস™ শ্যাম্পু হিসেবে প্রয়োগ করলে সাইক্লোপিরক্স মাথার ত্বক দিয়ে খুব অল্প পরিমাণে শোষিত হয়, যার প্রায় ১.৩% সিস্টেমিক সার্কুলেশনে প্রবেশ করে। শোষিত ওষুধের ৯৪–৯৭% প্রোটিনের সাথে আবদ্ধ থাকে। এটি প্রধানত গ্লুকোরোনাইডেশন প্রক্রিয়ার মাধ্যমে বিপাকীয় পরিবর্তনের শিকার হয় এবং মূলত প্রস্রাবের মাধ্যমে নির্গত হয়। এর বায়োলজিক্যাল হাফ-লাইফ প্রায় ১.৭ ঘণ্টা, যা সিস্টেমিকভাবে জমা হওয়ার সম্ভাবনা খুবই কম নির্দেশ করে।

নির্দেশনা
এইচএনএস™ শ্যাম্পু (সাইক্লোপিরক্স ১%) সেবোরিক ডার্মাটাইটিস, খুশকি এবং ম্যালাসেজিয়া ফারফার ও অন্যান্য সংবেদনশীল ছত্রাকজনিত মাথার ত্বকের চুলকানি, জ্বালা ও প্রদাহের চিকিৎসায় নির্দেশিত।

মাত্রা ও ব্যবহারবিধি
ভেজা চুলে **এইচএনএস**™ শ্যাম্পু (সাইক্লোপিরক্স ১%) প্রয়োগ করুন। ছোট চুলের জন্য প্রায় ১ চা-চামচ (৫ মি.লি.) এবং বড় চুলের জন্য সর্বোচ্চ ২ চা-চামচ (১০ মি.লি.) ব্যবহার করুন। ভালোভাবে ফেনা তৈরি করে মাথার ত্বক ও চুলে ৩ মিনিট রেখে দিন। চোখের সংস্পর্শ এড়িয়ে চলুন। ৪ সপ্তাহ পর্যন্ত সপ্তাহে ২ বার ব্যবহার করুন এবং প্রতিবার ব্যবহারের মধ্যে কমপক্ষে ৩ দিন বিরতি রাখুন।

প্রতিনির্দেশনা
যাদের সাইক্লোপিরক্স এর প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে, তাদের ক্ষেত্রে এই শ্যাম্পু ব্যবহার করা উচিত নয়।

পার্শ্বপ্রতিক্রিয়া
এই শ্যাম্পুটি সাধারণত ভালোভাবে সহ্যযোগ্য। ক্লিনিক্যাল ট্রায়ালে পার্শ্বপ্রতিক্রিয়ার হার খুবই কম পাওয়া গেছে।

সতর্কতা
শুধুমাত্র বাহ্যিক ব্যবহারের জন্য। চোখের সংস্পর্শ এড়িয়ে চলুন। এই শ্যাম্পুটি চোখ, মুখে সেবন বা যোনিপথে ব্যবহারের জন্য নয়।

গর্ভাবস্থায় ব্যবহার
এটি প্রেগন্যান্সি ক্যাটাগরি বি। প্রাণীদের ওপর পরিচালিত প্রজনন-সংক্রান্ত গবেষণায় ভ্রূণের জন্য কোনো ঝুঁকির প্রমাণ পাওয়া যায়নি। তবে, গর্ভবতী নারীদের ওপর পর্যাপ্ত ও সুনিয়ন্ত্রিত গবেষণা নেই।

স্তন্যদানকারী মায়েদের ক্ষেত্রে ব্যবহার
সাইক্লোপিরক্স মানব দুগ্ধে নিঃসৃত হয় কিনা তা নিয়ে কোনো তথ্য নেই। তাই স্তন্যদানকারী মায়েদের ক্ষেত্রে শ্যাম্পু ব্যবহারে সতর্কতা অবলম্বন করা উচিত।

শিশুদের ক্ষেত্রে ব্যবহার
১৬ বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে এর নিরাপত্তা ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

সংরক্ষণ
আলো এবং আর্দ্রতা থেকে দূরে, ৩০ °সে. তাপমাত্রার নিচে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহ
এইচএনএস™ শ্যাম্পু:
প্রতিটি এইচডিপিই বোতলে আছে ১০০ মি. লি. শ্যাম্পু। প্রতি গ্রাম শ্যাম্পুতে আছে সাইক্লোপিরক্স ওলামিন ইউ.এস.পি যা সাইক্লোপিরক্স ১০ মিলিগ্রাম এর সমতুল্য

SK+F
প্রস্তুতকারক
এসকেএফ ফার্মাসিউটিক্যালস্ লিঃ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ
TM ট্রেডমার্ক